

Kids Olympiad 1

কিডস সেমিনারের বন্ধুদেরকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, কিডস সেমিনারের পক্ষ থেকে মেঘনা উপজেলার প্রাথমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য প্রথম *Kids Olympiad 1* অক্টোবর মাসের শেষ সপ্তাহের যেকোন দিনে অনুষ্ঠিত হবে। দিন, তারিখ ও ভেন্যু পরে জানানো হবে।

Kids Olympiad এ শিক্ষার্থীরা (কোন বিদ্যালয় থেকে ২ জনের বেশী নয়) সরাসরি কোন উন্মুক্ত ভেন্যুতে এসে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে পূর্ব নির্ধারিত বিষয়ের উপর প্রতিযোগিতায় অবতীর্ণ হবে।

প্রতিযোগিতায় বিজয়ীদেরকে আকর্ষণীয় ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে।

*Kids Olympiad 1*এর বিষয় :

ত্রিভূজ, বর্গ ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়

নিয়মাবলী : ৫টা ধাপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতি ধাপে সময়

১২ মিনিট। মোট সময় ৬০ মিনিট। মোট পয়েন্ট ১০০।

ধাপ ১ : নির্ধারিত বিষয়বস্তুর উপর সাধারণ মানের লিখিত প্রশ্ন/অংক দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে উত্তর জমা দিতে হবে।

পয়েন্ট ২০

ধাপ ২ : বিষয়বস্তুর উপর উচ্চতর মানের লিখিত অংক/সমস্যা দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে উত্তর জমা দিতে হবে।

পয়েন্ট ২০

ধাপ ৩ : বিষয়বস্তুর উপর জটিল/ক্রিটিক্যাল মানের লিখিত অংক/ সমস্যা দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে উত্তর জমা দিতে হবে।

পয়েন্ট ২০

ধাপ ৪ : বিষয়বস্তুর উপর ১০টি মৌখিক প্রশ্ন করা হবে। যে আগে হাত তুলবে সে আগে উত্তর দেবার সুযোগ পাবে।

পয়েন্ট ৩০

ধাপ ৫ : অংশগ্রহনকারীদের মধ্যে থেকে প্রশ্ন আহ্বান করা হবে। একজন অংশগ্রহনকারী সর্বোচ্চ ২টা প্রশ্ন করতে পারবে। বুদ্ধিদীপ্ত প্রশ্ন ও এর উত্তরের জন্য পয়েন্ট প্রদান করা হবে। অংশগ্রহনকারীরাই প্রথমে প্রশ্নের জবাব প্রদান করবে।

পয়েন্ট ১০

- এডমিন, কিডস সেমিনার

০৪/১০/২০১৭

